

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০

[www.bmet.gov.bd](http://www.bmet.gov.bd)

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সৌদি আরব গমনেচ্ছু কর্মীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'ফ্রি ভিসা' বলে কোন ভিসা নেই। প্রকৃতপক্ষে ফ্রি ভিসা একটি বিভ্রান্তিমূলক প্রচারণা। তথাকথিত ফ্রি ভিসায় বিদেশ গমন করে সে দেশে নিজে নিজে কাজ জোগাড় করে নেয়া অসম্ভব। ফলে অনেকেই এ ধরনের মিথ্যা আশ্বাসে প্রতারিত হচ্ছেন। চাকরির বিষয়টি নিশ্চিত না হয়ে কথাকথিত ফ্রি ভিসায় কর্মসংস্থানের উদ্দেশ্যে বিদেশে গমন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

চাকরির নিশ্চয়তা ব্যতীত ফ্রি ভিসার নামে কোন কর্মীকে বিদেশে প্রেরণ করা হলে দায়ী রিক্রুটিং এজেন্সি/ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ এর ৩১ ধারা মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সঠিক তথ্য জানার জন্য অফিস সময়ে নিকটস্থ জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস অথবা জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ৮৩০০৩২০ এবং ০১৭৭৫ ৮৪৮ ৪০৭ টেলিফোন নম্বরে যোগাযোগ করুন।

জি-৪৪৫/১৮ (৫'x৪)

মহাপরিচালক

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো